তারিখ ২৭.৯.২০০০
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক জনকণ্ঠ

৭৮

ঢাকা ঃ বুধবার ২৭ সেপ্টেম্বর ২০০০ ইংরেজী

# অবসরপ্রাপ্ত শিক্ষকদের চেক প্রদান শুরু

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট থেকে প্রাপ্ত অর্থের চেক বিতরণ সোমবার থেকে আবার শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর আগে চেক বিতরণ উদ্বোধন করেছিলেন। সোমবার ৫শ' ৩৬ অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর মধ্যে ১ কোটি ৬১ লাখ ৩৮ হাজার ১শ' ৭২ টাকা প্রদান শুরু হয়েছে। শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন আহমদ শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কয়েক শিক্ষক-কর্মচারীর হাতে তাঁদের প্রাপ্য অর্থের চেক প্রদান করেন। পরে শিক্ষা ভবনে চেক বিতরণ করা হয়। এ সময় শিক্ষা অধিদফতরের ডিজি ড. আয়েশা খাতুন, ট্রাস্টী বোর্ডের সচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ বোর্ডের অন্যান্য নেতা উপস্থিত ছিলেন। যাঁরা সোমবার চেক নিতে পারেননি তাঁরা ছুটির দিন বাদে প্রতিদিন বিকাল তিনটা থেকে চারটার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র দেখিয়ে শিক্ষা অধিদফতর থেকে চেক নিতে পারবেন। তা ছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর একটার মধ্যে শিক্ষা ভবনে ট্রাস্টের অস্থায়ী কার্যালয়ে আর্থিক সুবিধা পাবার জন্য অবসরপ্রাপ্ত বেসরকারী শিক্ষক-কর্মচারীরা আবেদন জমা দিতে পারবেন।